

ভাইদের মিসরে আগমন

মিসরের দুর্ভিক্ষ সে দেশের সীমানা পেরিয়ে
পার্শ্ববর্তী দূর-দূরান্ত এলাকা সমূহে বিস্তৃত হয়।
ইবরাহীম, ইসহাক ও ইয়াকূবের আবাসভূমি
কেন'আনও দুর্ভিক্ষের করালগ্রাসে পতিত হয়।
ফলে ইয়াকূবের পরিবারেও অনটন দেখা দেয়। এ
সময় ইয়াকূব (আঃ)-এর কানে এ খবর পৌঁছে যায়
যে, মিসরের নতুন বাদশাহ অত্যন্ত সৎ ও দয়ালু।
তিনি স্বল্পমূল্যে এক উট পরিমাণ খাদ্যশস্য অভাবী
ব্যক্তিদের মধ্যে বিতরণ করছেন। এ খবর শুনে
তিনি পুত্রদের বললেন, তোমরাও মিসরে গিয়ে
খাদ্যশস্য নিয়ে এসো। সেমতে দশ ভাই দশটি উট

নিয়ে রওয়ানা হয়ে গেল। বৃদ্ধ পিতার খিদমত ও
বাড়ী দেখাশুনার জন্য ছোট ভাই বেনিয়ামীন
একাকী রয়ে গেল। কেন'আন থেকে মিসরের
রাজধানী প্রায় ২৫০ মাইলের ব্যবধান।

যথাসময়ে দশভাই কেন'আন থেকে মিসরে
উপস্থিত হ'ল। ইউসুফ (আঃ) তাদেরকে চিনে
ফেললেন। কিন্তু তারা তাঁকে চিনতে পারেনি। যেমন
আল্লাহ বলেন,

وَجَاءَ إِخْوَةُ يُوسُفَ فَدَخَلُوا عَلَيْهِ فَعَرَفَهُمْ وَهُمْ لَهُ مُنْكَرُونَ - (يوسف)

৫৮-(

'ইউসুফের ভাইয়েরা আগমন করল এবং তার কাছে
উপস্থিত হ'ল। ইউসুফ তাদেরকে চিনতে পারল।

কিন্তু তারা তাকে চিনতে পারেনি' (ইউসুফ
১২/৫৮)।